

বাসের টিকিট কালোবাজারীদের হাতে

স্টাফ রিপোর্টার : ঈদ উপলক্ষে এবার বাসের অগ্রিম টিকেট বিক্রিতে কোন নিয়ম-কানুনই মানা হয়নি। মালিকরা ইচ্ছেমতো টিকিট বিক্রি করছে। এতে করে পোয়াবারো হয়েছে কালোবাজারীদের। আরো এক সপ্তাহ আগে থেকে বলা হচ্ছে টিকিট শেষ। গতকাল ছুটির দিনেও শত শত যাত্রী দূরপাল্লার বাসের অগ্রিম টিকিটের জন্য গাবতলী টার্মিনালে ভিড় করেছে। অন্যদিকে, ট্রেনের অগ্রিম টিকিটের জন্য গতকাল কমলাপুরে ভিড় বেড়েছে। গতকাল বিক্রি হয়েছে ২৫ তারিখের টিকিট। সে কারণে ভিড় ছিল আগের দিনের তুলনায় বেশি। কমলাপুর রেল স্টেশনের ম্যানেজার এমএ জিন্নাহ জানান, সুষ্ঠুভাবে এবার অগ্রিম টিকিট বিক্রি হচ্ছে। এজন্য রেল কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছে।

ঈদুল আযহা উপলক্ষে এবার বাসের অগ্রিম টিকিট বিক্রিতে কোন প্রকার নিয়ম-নীতির তোয়াক্কাই করেনি মালিকরা। কেউ আরো ১০ দিন আগে থেকে কেউবা ৩ দিন আগে থেকে অগ্রিম টিকিট বিক্রি শুরু করেছে। তারপরেও কাউন্টারগুলোয় দাঁড়ালে বেশিরভাগ ক্ষেত্রে বলা হচ্ছে টিকিট শেষ। গতকাল ছুটির দিনে গাবতলী, কল্যাণপুর, কলেজগেইট বাস কাউন্টারগুলোতে শত শত যাত্রী ভিড় করেছে অগ্রিম টিকিটের জন্য। লম্বা লাইনে দাঁড়িয়ে যাত্রীরা টিকিট সংগ্রহ করতে গেলে মাত্র কয়েকটি টিকিট দেয়ার পর কাউন্টারগুলো থেকে বলা হয়েছে টিকিট শেষ। হারুন নামে একজন যাত্রী অভিযোগ করে বলেন, আরো ৪/৫ দিন আগে থেকেই তিনি টিকিটের জন্য গাবতলীতে ধরনা দিচ্ছেন। কিন্তু টিকিট পাননি। বাধ্য হয়ে গতকাল কালোবাজারীদের কাছ থেকে অতিরিক্ত ভাড়া দিয়ে টিকিট সংগ্রহ করেছেন। অনুসন্ধান জানা গেছে, প্রতিবারের মতো এবারো কুড়িগ্রাম, লালমনিরহাট, রংপুর, সৈয়দপুর, পঞ্চগড়, দিনাজপুর, বগুড়া, পাবনা, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ রুটের দূরপাল্লার বাসের টিকিট কালোবাজারীদের হাতে চলে গেছে। আড়াইশ' টাকার টিকিট ৪শ' টাকা দিলে অনায়াসে পাওয়া যাচ্ছে। বাংলাদেশ বাস-ট্রাক ওনার্স এসোসিয়েশন প্রতিবারের মতো এবারও রহস্যজনকভাবে নীরব ভূমিকা পালন করে চলেছে। এসোসিয়েশনের উর্ধ্বতন এক নেতা গতরাতে ইনকিলাবকে বলেন, এবার অগ্রিম টিকিটের ব্যাপারে এসোসিয়েশনের পক্ষ থেকেও কোন দিক-নির্দেশনা ছিল না। এই সুযোগে মালিকরা তাদের খেয়ালখুশিমতো টিকেট বিক্রি শুরু করায় কালোবাজারীদের দাপট বেড়েছে। নগরীর মহাখালী ও সায়েদাবাদ টার্মিনাল থেকে এবারও কোন অগ্রিম টিকিট দেয়া হচ্ছে না। যাত্রীরা টার্মিনালে গিয়ে টিকিট কেটে যাতে বাসে উঠতে পারে সেজন্য ব্যবস্থা নেয়া হয়েছে। এদিকে, ট্রেনের অগ্রিম টিকিটের জন্য ভিড় ক্রমে বাড়ছে। আজ বিক্রি করা হবে ২৬ নভেম্বর যাত্রার টিকিট। সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত কমলাপুর স্টেশনে ট্রেনের টিকিট বিক্রি করা হবে বলে রেলওয়ে সূত্রে জানা গেছে।